রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ অফিস
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website:www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia-Jhenaidah, Bangladesh
Phone : +88-02477786704 Office
PABX: +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website : iu.ac.bd

স্মারক নং : ০২১/শিক্ষা/ইবি-২০২৩/৬৬১
Ref. No.

তারিখ : ১৬.০৮.২০২৩
Date:

## D ইউনিটের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি :

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে D ইউনিটের শিক্ষার্থীদের বিশেষ (মুক্তিযোদ্ধা, উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা, নৃ-গোষ্ঠী,হরিজন/দলিত জনগোষ্ঠী(অন্ত্যজ), শারীরিক প্রতিবন্ধী এবং পোষ্য) কোটা ও বিভাগ পরিবর্তনকৃত শিক্ষার্থীদের আগামী ২০-০৮-২০২৩ হতে ২১-০৮-২০২৩ তারিখ অফিস চলাকালীন সকাল ৯ :০০ টা হতে বিকাল ৪ :০০ টার মধ্যে নিম্নোক্ত তফসিল অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

তফসিল :

১। **ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :**

D ইউনিটে আবেদনকৃত বিশেষ (মুক্তিযোদ্ধা,উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা,নৃ-গোষ্ঠী,হরিজন/দলিত জনগোষ্ঠী(অন্ত্যজ), শারীরিক প্রতিবন্ধী এবং পোষ্য) কোটা ও বিভাগ পরিবর্তনের আবেদন করেছিল সে সকল শিক্ষার্থীদের আগামী ২০-০৮-২০২৩ হতে ২১-০৮-২০২৩ তারিখ অফিস চলাকালীন সকাল ৯ :০০ টা হতে বিকাল ৪ :০০ টার মধ্যে প্রাপ্ত বিভাগ হতে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণকরত : আনুষাঙ্গিক ফি জমাদান রশিদ সংগ্রহ করে অগ্রণী ব্যাংক ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি ফরমে বিভাগীয় সভাপতি, ডিন ও হল প্রভোষ্টের স্বাক্ষর করে একাডেমিক শাখায় জমা দিতে হবে।

২। শিক্ষার্থীগণ যে বিভাগে চূড়ান্তভাবে ভর্তি হবে, বিভাগ উন্নয়ন ফি শুধুমাত্র সেই বিভাগে প্রদান করতে হবে। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীদের পূর্ববর্তী বিভাগে ভর্তির সময় সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আদায়কৃত বিভাগ উন্নয়ন ফি ৩,০০০/= (তিন হাজার) টাকা হতে ১০% অর্থ (৩০০/=তিনশত) টাকা কর্তন করে বিভাগ অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নগদ প্রদান করবে।

৩। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে D ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে শিক্ষার্থীদের ভর্তির জন্য ভর্তি ও আনুষাঙ্গিক ফি' ৪,০৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ১,৯৬০/=টাকাসহ সর্বমোট ৬,৩৫০/= টাকা, ডীন অফিস ২৫০/= টাকা, 'বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/= টাকা ও অনাবাসিক শিক্ষার্থীদের হল সংযুক্তি ও আনুষাঙ্গিক ফি'বাবদ ৯১৫/= টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লিঃ, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪। **কোটায় ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :**

(ক) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনীদের মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধাদের নামের তালিকার আইডি নম্বর সম্বলিত সনদপত্র অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সনদপত্র কোটার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সেই সাথে গেজেটেড অফিসার/স্থানীয় সরকার প্রধানের নিকট থেকে শিক্ষার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রত্যয়নপত্র, সম্পর্কিত ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্র এবং প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষা মার্কসীটের সত্যায়িত ফটোকপিসহ মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(খ) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় কোটায় আবেদনকারীদেরকে স্বীকৃত গোত্র প্রধান (যেমন চাকমা রাজা, মং রাজা) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসী ফোরাম কর্তৃক গোত্রের সমর্থনে প্রদত্ত সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ডকর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) হরিজন-দলিত জনগোষ্ঠী (অন্ত্যজ) সম্প্রদায় কোটায় আবেদনকারীদেরকে তাদের সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঙ) শুধুমাত্র ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা পোষ্য হিসেবে গণ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান কর্তৃক পোষ্য সম্পর্কের প্রত্যয়নপত্র ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

৫। কোটার সুবিধা নিয়ে ভর্তি হওয়া শিক্ষার্থীগণ কোনক্রমেই বিভাগ পরিবর্তনের জন্য আবেদন করতে পারবে না।

সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আবেদনপত্রের সাথে (ক) পাসপোর্ট আকারের সত্যায়িত ২(দুই) কপি ছবি। (খ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি। (গ) জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি (ঘ) পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। (ঙ) অভিভাবকের আয়ের সনদ। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রত্যেকের ভর্তি ফরমের সাথে অবশ্যই তাদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (ফেরৎযোগ্য) জমা দিতে হবে। মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তির অনুমতি দেওয়া হবে না।

১৬/০৮/২৩
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

স্মারক নং-২/শিক্ষা/ইবি-২০২৩/১৯১ তারিখ: ১৬-০৮-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)।

১। ডীন,......................................................................................., অনুষদ, ইবি।
২। সমন্বয়কারী, .........................ইউনিট (ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩), ইবি।
৩। সভাপতি,...................................................................................... বিভাগ, ইবি।
৪। প্রভোষ্ট,........................................................................................হল, ইবি।
৫। প্রক্টর, ইবি ।
৬। ছাত্র-উপদেষ্টা, ইবি।
৭। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), ইবি।
৮। গ্রন্থাগারিক (ভারপাপ্ত), ইবি।
৯। পরিচালক (ভারপ্রাপ্ত) পরিকল্পনা ও উন্নয়ন, ইবি।
১০। পরিচালক, (আই.আই.ই আর), ইবি।
১১। পরিচালক, শরীর চর্চা বিভাগ, ইবি।
১২। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), ইবি।
১৩। প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), প্রকৌশল অফিস, ইবি ।
১৪। প্রধান মেডিকেল অফিসার (ভারপ্রাপ্ত), ইবি।
১৫। পরিচালক (টি.এস.সি.সি), ইবি।
১৬। প্রেস প্রশাসক, ইবি।
১৭। পরিবহন প্রশাসক, ইবি।
১৮। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও তথ্য প্রকাশনা অফিস, ইবি।
১৯। উপ-রেজিস্ট্রার (এস্টেট), ইবি।
২০। উপ-রেজিস্ট্রার (ভি.সি অফিস) ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২১। উপ-রেজিস্ট্রার (প্রো-ভাইস-চ্যান্সেলর অফিস), ইবি।
২২। উপ-পরিচালক (ট্রেজারার অফিস) ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২৩। পরিচালক, আই.সি.টি. সেল (বিজ্ঞপ্তিটি ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো), ইবি।
২৪। উপ-রেজিস্ট্রার (এ্যাঃ টু-রেজিঃ) রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২৫। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, ইবি শাখা (ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত তফসিল অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
২৬। নথি।

16.08.2023

উপ-রেজিস্ট্রার(শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া